

ভেনাসের প্রত্যাবর্তন খন্দকার জাহিদ হাসান

অনন্তযৌবনা ভেনাসের কোলে মাথা রেখে
ঘুমিয়ে ছিলাম সেই সৃষ্টিলগ্ন থেকে,
বিগ ব্যাং-এর রূপের ছটা তখন সুদূর এক অতীত,
টেক্টোনিক প্লেটের লাগাতার স্বলনে বিপন্ন জনপদ,
পায়ের কাছে বিস্তীর্ণ শিশু হিমালয়।

হঠাৎ বিকট শব্দে নিদ্রাভঙ্গ হল,
"সী ইউ লেটার ডার্লিং, টেক কেয়ার।"-
বলে টা-টা দিল প্রেমের দেবী ভেনাস।

একটি কচি কণ্ঠ ভেসে এল,
"তোমার ঘুম ভাঙ্গানোর জন্য সরি সুপারম্যান!"
সেই সাথে ভেসে এল একঘেয়ে ঘড়ঘড় আওয়াজ।
তারঃস্বরে চৈচালাম, "এই অসময়ে
স্বর্গ-মর্ত একাকার করে দিলি কে রে বাবা তুই?"

"আমি প্রিন্স ওরেস্টেস...
আমি ভিডিও গেম খেলছি...
আমি ভিন গ্রহ থেকে এসেছি...
আমি ফ্লাইং সসার ওড়াছি...
আমি..."

আবার চৈচালাম, "তোর কথা শুনতে পাচ্ছি না...
শুনতে পেলেও কিচ্ছু বুঝতে পারছি না..."

বুঝতে পারলেও মাথায় কিচ্ছুই ঢুকছে না...
কোথাকার কোন্ হাড় হাভাতে রাজপুত্রের তুই-
এই অসময়ে আমার ঘুম ভাঙ্গালি?
রাগে এখন ইচ্ছে করছে এভারেস্টের ঘাড় মটকে দিই,
আর উল্টোপাল্টা করে দিই সব নদীর গতিপথ।"

"সুপারম্যান, আমি কোথাকার কোন্ রাজপুত্রের নই,
আমি স্বর্গরাজ্য আর্গোসের
প্রয়াত সিংহ-হৃদয় রাজা অ্যাগামেমেনের পুত্র ওরেস্টেস,
এই মুহূর্তে আমি আসলে যুদ্ধে অবতীর্ণ,
আমি আমার পিতৃহত্যার প্রতিশোধ নিতে বদ্ধপরিকর,
আমি আমার মা ক্লাইটেমেনেস্ট্রা
ও তার ধিকৃত প্রেমিক এগিস্থাসের বিরুদ্ধে যুদ্ধরত,
এই যুদ্ধে আমি আমার বোন প্রিন্সেস ইলেক্ট্রা
ও এলিয়েনদের পূর্ণ সমর্থন পেয়েছি,
এখন আমি তোমার সহযোগিতা চাই সুপারম্যান।"

"মার্তৃঘাতক হতে চাস তুই কে রে বাবা?
তোর মা ক্লাইটেমেনেস্ট্রা ও তার ধিকৃত প্রেমিক
এগিস্থাসের বিচার করবেন স্বয়ং বিধাতা,
তুই কেন মায়ের রক্তে কলঙ্কিত করবি দুই হাত?"

"সুপারম্যান, এই পৃথিবী থেকে ভালবাসা
বিদায় নিয়েছে বহুকাল আগেই,
এখানে আর কোনো ন্যায় নীতি নেই অবশিষ্ট,
তাই তো আজ এলিয়েনদের হয়েছি শরণাপন্ন,
মিছেই তুমি যে ভেনাসের কোলে শুয়ে ছিলে এতকাল,
সেও দ্যাখো তোমায় ছেড়ে চলে গেল।
এসো সুপারম্যান, এসো তুমি আমাদের সাথে।"

"আমি কোনো সুপারম্যান নই,
আমি হলাম নিসর্গের প্রাণবায়ু,
ভালবাসার শক্তি ছাড়া আমি ভীষণ অচল,
আমার কোনো যুদ্ধে জড়ানো চলে না,
ঐ চেয়ে দ্যাখ্ ভেনাস আসছে ফিরে।"

ব্রহ্মপায়ে ফিরে এল প্রেমের দেবী ভেনাস,
অবিকল ভিখারিনীর গলাতে কঁকিয়ে উঠল সে,
"চাউলের পুঁটলাডা খুঁইজা পাইতাছি না-
কই যে রাখলাম! তুই দ্যাখছস্?"